সংসদ অধিবেশন

# এমপিওভুক্ত স্কুল ও কলেজে ৬০ হাজার শিক্ষকের পদ শূন্য

■ সমকাল প্রতিবেদক



এহছানুল হক মিলন

দেশে এমপিওভুক্ত স্কুল ও কলেজে শিক্ষকের শূন্য পদ ৬০ হাজার ২৯৫টি বলে সংসদকে জানিয়েছেন শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন। বুধবার সংসদের বৈঠকে এনসিপির সদস্য হাসনাত আব্দুল্লাহর প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী এ কথা বলেন। এর আগে স্পিকার হাফিজ উদ্দিন আহমদের সভাপতিত্বে সংসদের বৈঠক শুরু হলে প্রশ্নোত্তর টেবিলে উপস্থাপন করা হয়।

আবুল হাসনাতের (হাসনাত আবদুল্লাহ) প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী বলেন, সরকারি কলেজে বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারভুক্ত প্রভাষক পদের ৬৫৬টি শূন্য এবং সদ্য সরকারি করা কলেজে নন-ক্যাডার প্রভাষক পদের দুই হাজার ৪১০টি শূন্য রয়েছে। এ ছাড়া বেসরকারি এমপিওভুক্ত কলেজে অধ্যক্ষ ও উপাধ্যক্ষের এক হাজার ৩৪৯টি পদ শূন্য রয়েছে এবং এমপিওভুক্ত কলেজে শিক্ষক নিয়োগের জন্য এক হাজার ৩৪৪টি শূন্য পদে নিয়োগ কার্যক্রম চলমান রয়েছে। মন্ত্রী জানান, এমপিওভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর প্রতিষ্ঠান প্রধান ও সহকারী প্রধানের ১১ হাজার ১৫১টি শূন্য পদ পূরণে আবেদন নেওয়া হয়েছে।

মন্ত্রী জানান দেশে মোট ৩৪ হাজার ১২৯টি বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান রয়েছে। যেখানে পাঁচ লাখ ৯৮ হাজার ৯৯৪ শিক্ষক এবং দুই লাখ ছয় হাজার ৬৯৯ কর্মচারী রয়েছেন। তাদের চাকরি জাতীয়করণ করার কাজ চলছে।

আরেক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী বলেন, সারাদেশে বিদ্যালয়বিহীন গ্রামের সংখ্যা দুই হাজার ৮৩৯টি। বিভাগগুলোর মধ্যে ঢাকায় ৭১৭, চট্টগ্রাম ৮১৮, রাজশাহীতে ৩৫৫, রংপুরে ৩৭, খুলনায় ৩৪৯, বরিশালে ৪৫, সিলেটে ২৬০, ময়মনসিংহ বিভাগের ২৬৬ গ্রামে প্রাথমিক বিদ্যালয় নেই।

আরেক এমপির প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী বলেন, সারাদেশের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের আওতাধীন ২৪ হাজার ৩২০টি শিক্ষাপ্রতিষ্ঠান আছে। যার মধ্যে চার হাজার ৫৯টি প্রতিষ্ঠানে সরকারি অর্থায়নে এখনও ভবন নির্মাণ করা হয়নি।

এক এমপির প্রশ্নের জবাবে সমাজকল্যাণমন্ত্রী আবু জাফর মো. জাহিদ হোসেন জানান, সমাজসেবা অধিদপ্তর কর্তৃক ৭১ হাজার ৫৯১টি স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থা নিবন্ধিত; যার মধ্যে ৬০ হাজার ২৮৬ সংস্থা বর্তমানে সক্রিয় এবং ১১ হাজার ৩০৫টি বিলুপ্ত। ২০২৪-২৫ অর্থবছরে চার হাজার ২২১টি সংস্থাকে ১১ কোটি টাকা অনুদান দেওয়া হয়েছে।

সমকাল